# রোহিঙ্গা সংকট সমাধানে রাজনৈতিক উদ্যোগ জরুরি: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

রোহিঙ্গা সংকটের দীর্ঘমেয়াদি সমাধানে রাজনৈতিক সদিচ্ছার পাশাপাশি কার্যকর রাজনৈতিক উদ্যোগ প্রয়োজন বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেন, সংকটের শান্তিপূর্ণ ও স্থায়ী সমাধান খুঁজতে চীন ও মিয়ানমারের সঙ্গে সরাসরি আলোচনা চালিয়ে যাবে বাংলাদেশ।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সকালে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রোহিঙ্গা সংকট নিয়ে আয়োজিত একটি আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য দেওয়ার সময় তিনি এসব কথা বলেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতির দায়িত্বে রয়েছে বাংলাদেশ। এই সুযোগ কাজে লাগিয়ে জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে রোহিঙ্গা সংকটকে আরও গুরুত্বের সঙ্গে তুলে ধরতে সর্বোচ্চ চেষ্টা করবে সরকার।

তিনি বলেন, মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদ ও মর্যাদাপূর্ণ পরিবেশে নিজ ভূমিতে স্থায়ীভাবে ফেরত পাঠানোই বাংলাদেশের প্রধান লক্ষ্য। এই লক্ষ্য অর্জনে আন্তর্জাতিক সম্প্রদায়, আঞ্চলিক শক্তি ও অংশীদার দেশগুলোকে আরও সক্রিয় ও সমন্বিত ভূমিকা নেওয়ার আহ্বান জানান তিনি।

LENS ASIA